দৈনিক বাংলা

তারিখ ১৭।৪।৮১
পৃষ্ঠা ... কলাম ...

438

039

# ঝিনাইদহে পরীক্ষা কেন্দ্রে হাঙ্গামা

(নিজস্ব সংবাদদাতা)

ঝিনাইদহ ১৬ই মার্চ।—আজ ইংরেজী প্রথমপত্রের পরীক্ষার সময় ঝিনাইদহ সরকারী উচ্চবিদ্যালয় পরীক্ষা কেন্দ্রের পরিদর্শক এবং যশোরের অতিরিক্ত জেলা প্রশাসকের (শিক্ষা) সঙ্গে এক বাক-বিতন্ডার ফলে ছাত্ররা পরীক্ষা না দিয়ে হল থেকে বেড়িয়ে যায়।

এরপর ছাত্ররা কিছু খাতা ছিড়ে ফেলে দেয়। এবং দোতলা থেকে চেয়ার এবং বেঞ্চ নীচে ছুড়ে ফেলে।

পরে বেলা আড়াইটার সময় বিভিন্ন স্থান থেকে ছাত্ররা গিয়ে কিছু কিছু খাতা জমা দিয়েছে।

এ ব্যাপারে পরীক্ষার হল নিয়ন্ত্রক জানিয়েছেন, ১৫টি খাতা এখনেও তারা পাননি। এব্যাপার চারজনকে গেরেফতার করা হয়েছে।

# 'ঢাকা ভার্সিটি শিক্ষক ধর্মঘট রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত'

বাংলাদেশ মুসলিম লীগের (সবুর) সাংগঠনিক সম্পাদক জনাব জমির আলী এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ধর্মঘটকে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে অভিহিত করে ছাত্রছাত্রীদের স্বার্থে অবিলম্বে ধর্মঘট প্রত্যাহারের জন্য তাদের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষক-দের রাজনৈতিক স্বার্থে ব্যবহৃত না হতে আহ্বান জানান।